গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম
(আইসিটি শাখা)
www.kurigram.gov.bd

# অক্টোবর, ২০১৯ মাসে অনুষ্ঠিত জেলা আইসিটি বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোছাঃ সুলতানা পারভীন<br>জেলা প্রশাসক<br>কুড়িগ্রাম। |
| সভার তারিখ | : | ২০-১০-২০১৯ খ্রিঃ। |
| সভার সময় | : | দুপুর-০২:০০ ঘটিকা। |
| সভার স্থান | : | সম্মেলনকক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম। |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট- "ক" (স্বাক্ষরের ক্রমানুসারে) |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে তথ্য প্রযুক্তির ব্যাপক প্রসার ও ব্যবহারের উপর দিক নির্দেশনামূলক বক্তব্য রাখেন এবং সভার আলোচ্যসূচি পেশ করার জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রামকে অনুরোধ করেন। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম জানান যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ১৪.৭.২০১৯ খ্রি. তারিখের ৫৬.০০.০০০০.০১৯.৩৮.০২৮.১৬-১০৯ নং স্মারক প্রজ্ঞাপন অনুযায়ী জেলা আইসিটি কমিটি পুন:গঠন করা হয়েছে। অত:পর পুন:গঠিত জেলা আইসিটি কমিটি'র সদস্যগণের পরিচিতিপর্ব শেষে এজেন্ডাভিত্তিক নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | **জেলা আইসিটি বিষয়ক কমিটি/ফোরাম সংক্রান্তঃ**<br><br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ১৪.৭.২০১৯ খ্রি. তারিখের ৫৬.০০.০০০০.০১৯.৩৮.০২৮.১৬-১০৯ নম্বর স্মারকে জারীকৃত প্রজ্ঞাপন এর প্রেক্ষিতে 'আইসিটি'র বিকাশ ও উন্নয়ন এবং ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে এ কার্যালয়ের ০১ অক্টোবর ২০১৯ খ্রি: তারিখের ০৫.৪৭.৪৯০০.০২৬.০২.০০১.১৮.২৬১ নং স্মারক মোতাবেক আইসিটি বিষয়ক ২৩ সদস্য বিশিষ্ট জেলা কমিটি/ফোরাম গঠিত হয়েছে। সভায় গঠিত জেলা কমিটি/ফোরামে কোন সদস্য কো-অপ্টের প্রয়োজনীয়তা সম্পর্কে জানতে চাইলে সভায় উপস্থিত সদস্যগণ নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে কো-অপ্ট করার বিষয়ে একমত পোষণ করেন।<br>১) অধ্যক্ষ, পলিটেকনিক ইন্সটিটিউট, কুড়িগ্রাম।<br>২) উপজেলা নির্বাহী অফিসার(সকল), কুড়িগ্রাম।<br>৩) উপ পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, কুড়িগ্রাম।<br>৪) সহকারী কমিশনার(আইসিটি)<br>জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।<br>৫) সহকারী প্রোগ্রামার (সকল), কুড়িগ্রাম। | জেলা আইসিটি বিষয়ক কমিটি/ফোরামে ইতোপূর্বে গঠিত কমিটিতে সদস্য কো-অপ্ট করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম। |
| ১ | **ই-ফাইলিং সিস্টেমে চিঠিপত্র নিষ্পত্তিঃ**<br>বর্তমান সরকার ঘোষিত রূপকল্প-২১ বাস্তবায়ন তথা ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে নানাবিধ কার্যক্রম গৃহীত হয়েছে। এরই ধারাবাহিকতায় জেলা প্রশাসকের কার্যালয়ে একটি শক্তিশালী সিস্টেম ই-ফাইলিং কার্যক্রম চালুর মাধ্যমে দ্রুত সেবা প্রদান নিশ্চিত করার প্রক্রিয়া চলমান রয়েছে। সেপ্টেম্বর, ২০১৯ মাসে জেলা ই-সেবা কেন্দ্র হতে নথি সিস্টেমের মাধ্যমে ৩,২৮৭ টি ডাক গ্রহণ করা হয়েছে এবং ৩,১৪৯ টি ডাক নিষ্পত্তি করা হয়েছে। সেপ্টেম্বর ২০১৯ মাসে পত্রজারীর সংখ্যা ৭৪২ টি। ই-ফাইলিং এ A ক্যাটাগরী ২৬ টি জেলার মধ্যে সেপ্টেম্বর, ২০১৯ মাসের মাসিক রিপোর্টে কুড়িগ্রাম জেলা ১১ তম স্থানে রয়েছে। জেলা | ১। অনলাইনে সেবা প্রদান প্রক্রিয়া আরো সহজিকরণের লক্ষ্যে জেলার যে সকল সরকারি অফিসে ই-ফাইলিং সিস্টেমে লাইভে রয়েছে সে সকল অফিসের কার্যক্রম শতভাগ ই-ফাইলিং সিস্টেমে উন্নীতকরণ করতে হবে।<br><br>২। ই-ফাইলিং এর মাধ্যমে ডাক আপলোড করে নোট ও খসড়া পত্রের মাধ্যমে নথিতে উপস্থাপন করতে হবে। পত্রজারী সংখ্যা বৃদ্ধি | ১। জেলা পর্যায়ের কর্মকর্তাগণ (সংশ্লিষ্ট সকল), কুড়িগ্রাম।<br><br>২। সহকারী কমিশনার (আইসিটি),কুড়িগ্রাম।<br><br>৩। সহকারী প্রোগ্রামার।<br><br>৪। সংশ্লিষ্ট সকল ই-ফাইল ব্যবহারকারীগণ। |

| | | | |
|---|---|---|---|
| | পর্যায়ের ৫১ টি এবং উপজেলা পর্যায়ের ৫০ টি দপ্তর ই-নথি লাইভ সার্ভারে যুক্ত রয়েছে। ইতোমধ্যে এ জেলার উপজেলা পর্যায়ের বিভিন্ন সরকারি অফিসের কর্মকর্তা/কর্মচারীগণের ই-ফাইলিং প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। পর্যায়ক্রমে জেলা ও উপজেলা পর্যায়ের সকল সরকারি অফিসে ই-ফাইলিং প্রশিক্ষণ প্রদান করা হবে। একটি আধুনিক, দক্ষ এবং সেবামূলক জনপ্রশাসন গড়ে তুলতে সরকারি কাজে তথ্য প্রযুক্তি ব্যবহার করে সহজে এবং স্বল্প সময়ে গতিশীলতা আনয়নের লক্ষ্যে সকল সরকারি বিভাগ/দপ্তরকে আবশ্যিকভাবে ই-ফাইলিং এর ব্যবহার বৃদ্ধির মাধ্যমে সরকারি সেবা প্রদান নিশ্চিত করতে হবে। | করতে হবে।<br>৩। এ বিষয়ে কোন সমস্যার সৃষ্টি হলে এটুআই হতে পরিচালিত ফেসবুক গ্রুপ Nothi তে জানাতে হবে। | |
| ২ | **<u>ইন্টারনেট কানেক্টিভিটিঃ</u>**<br>সভায় এ জেলার ইন্টারনেট কানেক্টিভিটি সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম সভায় অবহিত করেন যে, ইনফো সরকার-২ প্রকল্পের মাধ্যমে কুড়িগ্রাম জেলার ৩১৬ টি সরকারি দপ্তর, বিটিসিএল এর মাধ্যমে ১৯ টি ইউনিয়ন পরিষদে, ইনফো সরকার-৩ প্রকল্পের মাধ্যমে ৩৬ টি ইউনিয়ন পরিষদে এবং কানেক্টেড বাংলাদেশ এর মাধ্যমে অবশিষ্ট ইউনিয়ন পরিষদে ইন্টারনেট কানেক্টিভিটি'র কার্যক্রম চলমান রয়েছে। ইনফো সরকার-২ প্রকল্পের মাধ্যমে বাস্তবায়িত দপ্তরসমূহের মধ্যে ১০৪ টি দপ্তর এবং রৌমারী ও চর রাজিবপুর উপজেলার ও ইন্টারনেট সংযোগ বিচ্ছিন্ন রয়েছে। বিটিসিএল এম মাধ্যমে স্থাপিত ১০ টি ইউনিয়নের সংযোগ বিচ্ছিন্ন রয়েছে। | ১) ইনফো সরকার-৩ ও কানেক্টেড বাংলাদেশ এর মাধ্যমে বাস্তবায়নাধীন এ জেলাধীন ইউনিয়ন পরিষদসমূহের ইন্টারনেট কানেক্টিভিটি কার্যক্রম মনিটরিং করতে হবে।<br>২। ইনফো সরকার-২ প্রকল্পের মাধ্যমে বাস্তবায়িত দপ্তরসমূহের মধ্যে ১০৪ টি দপ্তরের অচল কানেক্টিভিটি সচল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। বিটিসিএল এর সংযোগ সচল করতে হবে। | ১। সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রাম।<br>২। সংশ্লিষ্ট দপ্তর প্রধান, কুড়িগ্রাম।<br>৩। সহকারী প্রোগ্রামার (সকল), কুড়িগ্রাম।<br>৪। সহকারী ব্যবস্থাপক, বিটিসিএল, কুড়িগ্রাম। |
| ৩ | **<u>শেখ রাসেল ডিজিটাল ল্যাব সংক্রান্তঃ</u>**<br>সভাপতি এ জেলায় স্থাপিত ৫১ টি শিক্ষা প্রতিষ্ঠানে "শেখ রাসেল ডিজিটাল ল্যাব" স্থাপন করা হয়েছে সে সকল শিক্ষা প্রতিষ্ঠান যাতে সুষ্ঠভাবে ল্যাব পরিচালনা ও রক্ষণাবেক্ষণ করেন সে বিষয়ে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা গ্রহণ করার জন্য জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রামকে পরামর্শ প্রদান করেন। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাব নিয়মিত পরিদর্শনপূর্বক প্রতিবেদন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার(সকল), কুড়িগ্রাম এবং উপজেলা শিক্ষা অফিসার(সকল), কুড়িগ্রাম এর নিকট হতে সংগ্রহ করে সমন্বিত প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করার জন্য জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রামকে অনুরোধ করেন।<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের নির্ধারিত ছক মোতাবেক ল্যাবের প্রশিক্ষণ কার্যক্রম ও ল্যাবের বাস্তব চিত্র জেলা আইসিটি কমিটির পরবর্তী সভায় উপস্থাপন করার জন্য সহকারী প্রোগ্রামার(সকল), কুড়িগ্রামকে অনুরোধ করেন। | ১) সুষ্ঠভাবে ল্যাব পরিচালনা ও রক্ষণাবেক্ষণের নিমিত্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে।<br><br>২) শেখ রাসেল ডিজিটাল ল্যাব নিয়মিত পরিদর্শন করতে হবে এবং সমন্বিত পরিদর্শন প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>৩) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের নির্ধারিত ছক মোতাবেক ল্যাবের প্রশিক্ষণ কার্যক্রম ও ল্যাবের বাস্তব চিত্র জেলা আইসিটি কমিটির পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | ১। জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম।<br>২। সংশ্লিষ্ট সকল<br>৩। সহকারী প্রোগ্রামার (সকল), কুড়িগ্রাম। |
| ৪ | **<u>ভিডিও কনফারেন্সিং সংক্রান্তঃ</u>**<br>বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (BCC) কর্তৃক বাংলা গভঃনেট এবং ইনফো-সরকার-২ প্রকল্পের মাধ্যমে জেলা ও উপজেলা পর্যায়ে ১৮,১৩০ টি সরকারি দপ্তরকে সরকারী ইন্ট্রানেটওয়ার্কের আওতায় আনা হয়েছে। ইনফো-সরকার-২ প্রকল্পের মাধ্যমে স্থাপিত ইন্টারনেট সংযোগ, রাউটার ও অ্যাডাপ্টার এবং অন্যান্য যন্ত্রপাতি'র বর্তমান অবস্থা সম্পর্কিত আলোচনায় সহকারী প্রোগ্রামার জানান যে, কোন দপ্তরের বিকল/নষ্ট | ইনফো-সরকার-২ প্রকল্পের মাধ্যমে স্থাপিত দপ্তরসমূহে ইন্টারনেট সংযোগ, রাউটার ও অ্যাডাপ্টার এবং অন্যান্য যন্ত্রপাতি (Video Conference সিস্টেমের ক্যামেরাসহ) বিকল/নষ্ট হলে বিসিসি বরাবর | জেলা ও উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান। |

| | | | |
|---|---|---|---|
| | ইন্টারনেট সংযোগ, রাউটার ও অ্যাডাপ্টার বিসিসি বরাবর প্রেরণ করা হলে তা বিসিসি হতে মেরামত/ক্ষেত্রমতে পরিবর্তন করে দিবে একই সাথে Video Conference সিস্টেমের ক্যামেরা পাঠালেও একই সুবিধা পাওয়া যাবে। | প্রেরণ করতে হবে। | |
| ৫ | **ই-বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্তঃ**<br>বৈদ্যুতিক ও ইলেক্ট্রনিক যন্ত্রপাতির ব্যবহার দ্রুতগতিতে বাড়ছে। বিশেষ করে বিদ্যুত সাশ্রয়ী বাতি, টিভি, রেফ্রিজারেটর, কম্পিউটার, প্রিন্টার, মুঠোফোন, বিচিত্র ধরনের ইলেক্ট্রনিক খেলনা এখন আধুনিক মানুষের দৈনন্দিন ব্যবহার্য যন্ত্রপাতি। এসব পণ্য ব্যবহারের পর এক সময় নষ্ট হয়ে যায়। বিক্রি করা হয় পরিত্যক্ত জিনিস হিসেবে বা কখনও ফেলে দেয়া হয় বাড়ির আশপাশে যা পরিবেশের জন্য ক্ষতিকর। | পরিবেশের উপর কোন বিরূপ প্রভাব সৃষ্টি করতে না পারে সে জন্য ভবিষ্যতে উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের ক্ষেত্রে ইলেক্ট্রনিক বর্জ্য(ই-বর্জ্য) ব্যবস্থাপনার বিষয়কে অগ্রাধিকার দিতে হবে। | সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান, কুড়িগ্রাম। |
| ৬ | **জেলা, উপজেলা ও ইউনিয়নের ওয়েব পোর্টালের তথ্যঃ**<br>জেলা ও উপজেলা পর্যায়ের বিভিন্ন বিভাগ/দপ্তরের জাতীয় তথ্য বাতায়নের তথ্য শতভাগ তথ্য বাংলা ও ইংরেজি উভয় ভাষাতেই হালনাগাদ করার জন্য জেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান, উপজেলা নির্বাহী অফিসার(সকল), কুড়িগ্রাম এর দৃষ্টি আকর্শন করেন। যে সকল দপ্তর বা প্রতিষ্ঠানের ওয়েব পোর্টাল এখনো শতভাগ হালনাগাদ সম্পন্ন হয়নি সে সকল দপ্তর বা প্রতিষ্ঠানের ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদ সম্পন্ন করার জন্য অনুরোধ করেন। জেলা, উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টাল এর তথ্য অসম্পূর্ণ থাকলে তা মনিটরিং পূর্বক সংশ্লিষ্ট দপ্তর বা প্রতিষ্ঠানকে অবহিত করার পাশাপাশি হালনাগাদ তথ্য সংযোজনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন। প্রতি মাসের আইসিটি কমিটির সভায় জেলা ও উপজেলার ২-৪ টি দপ্তর/প্রতিষ্ঠানের হালনাগাদ তথ্য সভায় উপস্থাপন করার জন্য সহকারী প্রোগ্রামর, কুড়িগ্রামকে অনুরোধ করেন। | ১) জেলা, উপজেলা ও ইউনিয়ন পোর্টালে পর্যাপ্ত তথ্য বাংলা ও ইংরেজি উভয় ভাষাতেই হালনাগাদ করতে হবে।<br>২) প্রতি মাসে জেলা ও উপজেলার ২-৪ টি দপ্তর/প্রতিষ্ঠানের হালনাগাদ তথ্য সভায় উপস্থাপন করতে হবে।<br>৩) জেলা ও উপজেলা পর্যায়ের সকল সরকারি বিভাগ/দপ্তরের বিভিন্ন ধরণের তথ্য স্ব স্ব তথ্য বাতায়নে হালনাগাদকরণের পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ও সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান, কুড়িগ্রাম।<br>২। সহকারী প্রোগ্রামার (সকল), কুড়িগ্রাম। জেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান, কুড়িগ্রাম।<br>৩। সহকারী প্রোগ্রামার (সকল), কুড়িগ্রাম।<br>৪। উদ্যোক্তা (সকল), ইউডিসি/পিডিসি, কুড়িগ্রাম। |
| ৭ | **মাল্টিমিডিয়া ক্লাসরুম সংক্রান্তঃ**<br>মাল্টিমিডিয়া ক্লাশরুম নিয়মিত পুরচালনা করার জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে নির্দেশ প্রদানের পাশাপাশি তদারকি করার জন্য জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রামকে অনুরোধ করেন। জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম জানান, উপজেলাভিত্তিক প্রতিমাসে ৮ (আট) টি মাধ্যমিক বিদ্যালয় এবং ৩ (তিন) টি মাদ্রাসা পরিদর্শন করলে প্রমাপ অর্জিত হয়। সভাপতি বলেন, উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণ প্রতিমাসে ৩ (তিন) টি করে মাধ্যমিক বিদ্যালয় এবং ১ (এক) টি করে মাদরাসা পরিদর্শন করবেন এবং পরিদর্শনের সময় ছবি তুলে জেলা প্রশাসন, কুড়িগ্রাম ফেসবুক পেইজে আপলোড করবেন এবং নিয়মিত ইংরেজি মাসের ০২ (দুই) তারিখের মধ্যে পরিদর্শন প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করার জন্যও বলেন। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল) এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণ প্রতিমাসে ৩ (তিন) টি করে মাধ্যমিক বিদ্যালয় এবং ১ (এক) টি করে মাদ্রাসা পরিদর্শন করবেন এবং পরিদর্শনের ছবি জেলা প্রশাসন, কুড়িগ্রাম নামীয় ফেসবুক পেইজে আপলোড নিশ্চিত করবেন।<br>২। মাল্টিমিডিয়া ক্লাসরুম ম্যানেজমেন্ট সিস্টেমে শিক্ষা প্রতিষ্ঠান কতৃর্ক মাল্টিমিডিয়া পাঠদান সংক্রান্ত প্রতিবেদন আপলোড শতভাগ নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার(সকল), কুড়িগ্রাম<br>২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম<br>৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), কুড়িগ্রাম<br>৪। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, কুড়িগ্রাম। |
| ৮ | **জনসেবায় facebook এর ব্যবহার বৃদ্ধি সংক্রান্তঃ**<br>বর্তমানে এ তথ্য প্রযুক্তি নির্ভর বিশ্বের সকল ধরনের যোগাযোগে সোস্যাল মিডিয়া সর্বোচ্চ ভূমিকা পালন করছে। জনগণকে আরও বেশি সহজে এবং দ্রুত সেবা প্রদানের লক্ষ্যে জেলা প্রশাসন, কুড়িগ্রামের উদ্যোগে একটি ফেসবুক পেইজ খোলা হয়েছে যার নাম জেলা | জেলা প্রশাসন, কুড়িগ্রাম নামীয় facebook পেইজে আপলোডকৃত ছবিগুলোর বিষয়ে মতামত প্রদান করতে হবে এবং সামাজিক যোগাযোগ মাধ্যম | সংশ্লিষ্ট (সকল)। |

| | | | |
|---|---|---|---|
| | প্রশাসন, কুড়িগ্রাম। সভাপতি বলেন, জেলা প্রশাসন, কুড়িগ্রাম নামীয় ফেসবুক পেইজে বিভিন্ন জনকল্যাণমূলক এবং বিভিন্ন উদ্ভাবনী উদ্যোগের দৃশ্যমান ছবি আপলোড করে সরকারি সেবা সম্পর্কে জনগণকে অবহিত করা হচ্ছে। তিনি ফেসবুক পেইজে আপলোডকৃত ছবি এবং তথ্যসমূহের বিষয়ে মতামত প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। সভাপতি সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা-২০১৬ অনুযায়ী নিজ নিজ দপ্তর প্রধানগণকে স্ব স্ব ফেসবুক পেইজ ব্যবহারের অনুরোধ জানান। | ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা-২০১৬ অনুসরণ করতে হবে। | |
| ৯ | **<u>উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠানঃ</u>**<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ১৪.৭.২০১৯ খ্রি. তারিখের ৫৬.০০.০০০০.০১৯.৩৮.০২৮.১৬-১০৯ নং স্মারক প্রজ্ঞাপন নির্দেশনা অনুযায়ী উপজেলা আইসিটি কমিটি গঠনপূর্বক কমিটির সভা নিয়মিত আয়োজন করে সভার কার্যবিবরণী উপজেলা তথ্য বাতায়নে আপলোডসহ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, একাদশ জাতীয় সংসদের ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি'র নিকট ও জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম এ প্রেরণ করার জন্য অনুরোধ করেন। | উপজেলা আইসিটি বিষয়ক কমিটির সভা নিয়মিত আয়োজন পূর্বক সভার কার্যবিবরণী উপজেলা তথ্য বাতায়নে আপলোড করতে হবে এবং সভার কার্যবিবরণী তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, একাদশ জাতীয় সংসদের ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি'র নিকট ও জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম এ প্রেরণ নিশ্চিত করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম।<br>২। সহকারী প্রোগ্রামার (সকল), কুড়িগ্রাম। |
| ১০ | **<u>ইউডিসির আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য আপলোডঃ</u>**<br>সভায় জেলা ও উপজেলার ইউডিসির আয় ও সেবা প্রদান বিষয়ে আলোচনা করা হয়। জনগণের দোরগোড়ায় সহজে, দ্রুত ও স্বল্প ব্যয়ে সেবা পৌঁছে দেয়ার লক্ষ্যে ইউনিয়ন পরিষদে ও পৌরসভায় ডিজিটাল সেন্টার স্থাপন করা হয়েছে।এ সকল ডিজিটাল সেন্টার স্থাপনের ফলে নাগরিকদের জীবনমানে ইতিবাচক পরিবর্তন সাধিত হচ্ছে। সভাপতি ইউডিসি উদ্যোক্তাগণের নিয়মিত আয়ের তথ্য মনিটরিং টুলসে আপলোড করার বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই এর নির্দেশনার বিষয়ে আলোকপাত করেন। ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণ নিয়মিত ব্লগে তাদের মতামত প্রকাশ এবং প্রতিদিনের আয়ের তথ্যাদি নিয়মিত www.eksheba.gov.bd সাইটে আপলোড করার জন্য ইউডিসি উদ্যোক্তাদের প্রতি ইতোমধ্যে নির্দেশনা প্রদান করা হয়েছে মর্মে সহকারী কমিশনার (আইসিটি) সভায় অবহিত করেন। আয়ের তথ্য নিয়মিত আপলোড এবং উপজেলা নির্বাহী অফিসার (সকল) কর্তৃক ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শন প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ না করায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। তিনি ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের কে আয়ের তথ্য নিয়মিত আপলোড এবং উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রামকে তদারকি অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করেন। | ১) নিয়মিতভাবে ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শন ও তদারকি অব্যাহত রাখতে হবে।<br>২) ডিজিটাল সেন্টার পরিদর্শনের ছবি জেলা প্রশাসন, কুড়িগ্রাম নামীয় ফেসবুক পেইজে আপলোড করতে হবে।<br>৩) ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণকে মাসিক আয়ের তথ্য নিয়মিত www.eksheba.gov.bd সাইডে আপলোড এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শন প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম।<br>২। সহকারী কমিশনার (আইসিটি), কুড়িগ্রাম।<br>৩। সহকারী প্রোগ্রামার (সকল), কুড়িগ্রাম।<br>৪। উদ্যোক্তা, ইউনিয়ন/ পৌর ডিজিটাল সেন্টার (সকল), কুড়িগ্রাম। |
| ১১ | <u>ইউডিসি পরিদর্শন সংক্রান্তঃ</u><br>সভায় ইউডিসি সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। সভাপতি প্রতিমাসে কমপক্ষে ০২ (দুই) টি ইউডিসি/পিডিসি'র সার্বিক কার্যক্রম পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন পরবর্তি মাসের ০২ তারিখের মধ্যে | পরিদর্শন প্রতিবেদন প্রতিমাসের ০২ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম।<br>এবং |

| | | | |
|---|---|---|---|
| | এ কার্যালয়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম এবং সহকারী প্রোগ্রামর (সকল), কুড়িগ্রামকে অনুরোধ করেন। | | সহকারী প্রোগ্রামার (সকল), কুড়িগ্রাম। |
| ১২ | **অনলাইনে রেকর্ডরুম হতে পর্চা সরবরাহঃ**<br>সভায় আলোচনা হয় যে, রূপকল্প-২০২১ বাস্তবায়নের লক্ষ্যে তথ্য প্রযুক্তিতে বাংলাদেশ অনেকদূর এগিয়েছে। তারই ধারাবাহিকতায় ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে জেলা প্রশাসকের কার্যালয়ের রেকর্ডরুম থেকে জনগণের আবেদনের প্রেক্ষিতে দ্রুততম সময়ের মধ্যে জমির পর্চা/নকলের সার্টিফাইড কপি নিতে যাতে বিলম্ব ও হয়রানির শিকার হতে না হয় সেদিকে সজাগ দৃষ্টি রাখা প্রয়োজন। সংশ্লিষ্ট ইউডিসি থেকে অনলাইনে আবেদন করে অল্প খরচে জমির পর্চা/নকল উত্তোলন কার্যক্রমকে শতভাগ সফল করার জন্য সভাপতি উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও এ কার্যালয়ের সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।<br>জমির পর্চা/নকলের আবেদনের ক্ষেত্রে উদ্যোক্তাদের একাউন্টে রেকর্ডরুম শাখা হতে দ্রুত ওয়ালেটে লোড প্রদানের বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | ১) ইউডিসি থেকে আবেদন করে জমির পর্চা/নকলের সার্টিফাইড কপি দ্রুত সময়ের মধ্যে নিষ্পত্তি নিশ্চিত করতে হবে।<br>২) জমির পর্চা/নকল আবেদনের লোড দ্রুত প্রদান করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফসার (সকল), কুড়িগ্রাম।<br>২। সহকারী কমিশনার (রেকর্ডরুম), কুড়িগ্রাম।<br>৩। ইউডিসি / পিডিসি উদ্যোক্তা (সকল), কুড়িগ্রাম। |
| ১৩ | **বিবিধঃ**<br>রূপকল্প-২০২১ বাস্তবায়নের লক্ষ্যে সরকারি অফিসসমূহে আইসিটি ব্যবহার করে জরুরি নাগরিক সেবাসমূহ জনগণের দোরগোড়ায় পৌঁছানো নিশ্চিতকরণে জেলা ও উপজেলা পর্যায়ের সকল সরকারি দপ্তরকে কম সময়ে কোন প্রকার হয়রানি ছাড়া কীভাবে জনগণকে দ্রুত সেবা প্রদান করা যায় এ ধরণের নতুন নতুন ইনোভেটিভ আইডিয়া গ্রহণ করে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য সভাপতি সকলের প্রতি আহবান জানান। | জেলা ও উপজেলা পর্যায়ের সকল দপ্তরকে ইনোভেটিভ আইডিয়া গ্রহণ করে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)<br>২। সহকারী কমিশনার (আইসিটি) |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় বর্তমান সরকারের রূপকল্প-২০২১ বাস্তবায়ন তথা একটি তথ্য প্রযুক্তি নির্ভর ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে আইসিটি বিষয়ক সরকারি সিদ্ধান্ত বাস্তবায়নে সকলকে আরও তৎপর হওয়ার আহবান জানিয়ে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।


স্বাক্ষরিত/-
(মোছাঃ সুলতানা পারভীন)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা আইসিটি বিষয়ক কমিটি
কুড়িগ্রাম।
ফোনঃ ০৫৮১-৬১৬৪৫(অঃ)
ফ্যাক্সঃ ০৫৮১-৬২৩৭৪(অঃ)
০৫৮১-৬১৬১৪(বাঃ)
ই-মেইল-dckurigram@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০০.০২৬.০২.০০১.১৮.২৯৭ তারিখঃ ২৬ কার্তিক, ১৪২৬ / ১২ নভেম্বর, ২০১৯

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। জনাব... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...
ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়, সম্পর্কিত স্থায়ী কমিটি।

০২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়, বিসিসি ভবন (৫ম তলা), ই-১৪/এক্স, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

০৪। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৫। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

০৬। নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, শেরেবাংলা নগর, ঢাকা।

০৭। উপজেলা নির্বাহী অফিসার ..............................(সকল),কুড়িগ্রাম।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে-

৮। ..................................................................................

১২/১১/২০১৯
(সুদীপ্ত কুমার সিংহ)
সহকারী কমিশনার (আইসিটি)
জেলা প্রশাসকের কার্যালয়
কুড়িগ্রাম।
ফোন: ০৫৮১-৬২৪০২
ই-মেইল: acictkurigram@mopa.gov.bd